

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১০৭(আগরতলা, ১১।০২)
ছৈলেখটা, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

শচীন্দ্র রোয়াজা পাড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

লংতরাইভ্যালী মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ৮ ফেব্রুয়ারি ছামনু ব্লকের গোবিন্দবাড়ি ভিলেজের শচীন্দ্র রোয়াজা পাড়ায় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২৪টি স্থায়ী বসবাসের প্রমাণপত্র, ৪৫টি তপশিলী উপজাতি প্রমাণপত্র, ৭টি পারিবারিক আয়ের প্রমাণপত্র প্রদান করা হয়। মহকুমার ২৩ কিলো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে শিবিরে ৫২ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। ছৈলেখটা প্রাণী চিকিৎসালয়ের উদ্যোগে এলাকাবাসীদের ৫২৫টি গৃহপালিত প্রাণীর জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শিবিরে ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক গভেকার ময়ূর রতিলাল, মহকুমা শাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, ছামনু ব্লকের বি ডি ও রাকেশ দেববর্মা সহ মহকুমাস্তরের বিভিন্ন দফতরের আধিকারিকগণ জনগণের সাথে মতবিনিময় সভায় সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ বিশেষ করে যোগাযোগ ব্যবস্থা, পানীয়জল, বিদ্যুৎ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।
